



## মেঘনা নদী থেকে নিখোঁজ সাংবাদিক বিভুরঞ্জন সরকারের মরদেহ উদ্ধার



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের কলাগাছিয়া ইউনিয়নের মেঘনা নদী থেকে দৈনিক ‘আজকের পত্রিকা’র সিনিয়র সাংবাদিক বিভুরঞ্জন সরকারের মরদেহ উদ্ধার করেছে নৌ-পুলিশ। বৃহস্পতিবার সকাল থেকে নিখোঁজ ছিলেন তিনি। মৃত্যুর সঠিক কারণ এখনও জানা যায়নি।

নারায়ণগঞ্জ জেলার কলাগাছিয়া ইউনিয়নে মেঘনা নদী থেকে সিনিয়র সাংবাদিক বিভুরঞ্জন সরকারের মরদেহ উদ্ধার করা হয়েছে। শুক্রবার (২২ আগস্ট) সন্ধ্যা ৬টার দিকে নৌ-পুলিশের সদস্যরা মুন্সিগঞ্জ অংশের মেঘনা নদী থেকে তার মরদেহ উদ্ধার করেন। নিহত বিভুরঞ্জন সরকার দৈনিক আজকের পত্রিকা-তে সিনিয়র সাংবাদিক হিসেবে কর্মরত ছিলেন।

তার মরদেহ উদ্ধারের পর পুলিশের পাঠানো ছবির মাধ্যমে পরিচয় নিশ্চিত হয়। তবে মৃত্যুর কারণ এখনও স্পষ্ট নয়।

পরিবার সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার (২১ আগস্ট) সকাল ১০টার দিকে অফিসে যাওয়ার কথা বলে তিনি বাসা থেকে বের হন। কিন্তু তিনি অফিসে যাননি এবং পরিচিতজনদের সঙ্গেও যোগাযোগ করেননি। ওই দিনই তিনি নিজের মোবাইল ফোন বাসায় ফেলে যান। সন্ধ্যার পর থেকে যোগাযোগ বিচ্ছিন্ন থাকায় রাতে রমনা থানায় একটি নিখোঁজ ডায়েরি করেন স্বজনরা।

পুলিশ জানায়, মরদেহ উদ্ধারের সময় বিভুরঞ্জনের গায়ে ছিল একটি প্রিন্টের হাফ হাতা শার্ট, গলায় ঝুলছিল সোনালী রঙের চশমা এবং নিচে শুধু অন্তর্বাস পরিহিত ছিলেন। তবে প্রাথমিক পর্যবেক্ষণে শরীরে কোনো আঘাতের চিহ্ন পাওয়া যায়নি।